P 3540

I 3527

100 Rs.

INDIA NON JUDICIAL

१०० रु.    Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये    ONE HUNDRED RUPEES

কোবালা

মূল্য - ২৭৫০, টাকা

থানা - ইলামবাজার

মৌজা - কামারপাড়া

জে. এল. নং - ১৩১

দাগনম্বর - ৩৬৭, ৫২৭/ ১০৩৩

পরিমান - ৩ $\frac{১}{২}$ শতক ।

Admissible Under Rule 21 duly stamped [illegible] or does not require stamp duty Under the Indian Stamp Act, 1899.

Schedule-I No. ............

Fees paid :-

Additional Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

1 JUN 2001

Hiland Projects Limited
Authorised Signatory

ক্রেতা :-

১। শ্রী সুভাষ সরকার পিতা ঁ গুনেশ্বর সরকার

২। শ্রীমতী রত্না সরকার স্বামী শ্রী সুভাষ সরকার উভয়ের জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, ১ নং ক্রেতার পেশা - ব্যবসাদি এবং ২ নং ক্রেতার পেশা - এ্যাডিটিং, সর্ব্ব সাকিম - সুরুল, ডাকঘর - শ্রীনিকেতন, মহকুমা থানা ও সাবরেজিষ্ট্রি অফিস - বোলপুর, জেলা - বীরভূম ।

Additional Dist. Sub-Registrar
Bolpur, Birbhum

Fees paid on .............
'A'
'B'
Addl. Dist. Sub-Registrar
Bolpur

21 MAY 2001

৪০১৮ ১৬/৫/২০০১

শুভেন্দু মজুমদার

সুকুমার শ্রী নিকেতন

১০০

কোর্টফি

ভেন্ডার-শ্রীনটবর দত্ত মুন্সী

[illegible]

শ্রীনটবর দত্ত মুন্সী

শ্রীনটবর দত্তমুন্সী

Presented for registration at 2-0
Hours 21st May. 2001
at the Addl. Dist. Sub-Registry Office
Bolpur by Babulal Bayen.

বাবুলাল বায়েন
স্বঃ শুভজিৎ ভট্টাচার্য

4757

Additional Dist. Sub-Registrar
Bolpur, Birbhum.

Babulal Bayen.
Son of Lt. Lakshmi Narayan Bayen.
of Bhanonda
P.S. Ilambazar
Dist. Birbhum
by Caste Hindu/Muslim
by Profession c

ডঃ:- বাবুলাল বায়েন
স্বঃ শুভজিৎ ভট্টাচার্য

21ST MAY 2001

Chakan Chatterjee
Son of Lt. Sasanka Sekhar
of Bhanonda Chatterjee
P.S. Ilambazar
Dist. Birbhum
by Caste Hindu/Muslim
by Profession c

Hiland Projects Limited
Susanta Mandal
Authorised Signatory

শুভজিৎ ভট্টাচার্য
পিঃ শশাঙ্কশেখর ভট্টাচার্য
সাং ভানন্দা

20 Rs.

बीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

२०रु. TWENTY RUPEES 20Rs.

- ২ -

বিক্রেতা :-

শ্রী বাবুলাল বায়েন পিতা ̊ লক্ষ্মীনারায়ণ বায়েন

জাতি - ভারতীয়, ধর্ম - হিন্দু, পেশা - চাষাদি

সাকিম - দুয়ারোন্দা । ডাকঘর দুয়ারোন্দা

থানা - ইলামবাজার, জেলা - বীরভূম ।

কস্য খোসকোবালাপত্র মিদং কার্য্যান্চাগে :-

Hiland Projects Limited

Authorised Signatory

20 Rs.

बीस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

२०रु. TWENTY RUPEES 20 RS.



জেলা বীরভূম থানা ইলামবাজার অন্তর্গত মৌজা কামারপাড়া এর সীমানাস্থিত নীচের তপশীল লিখিত ৩৬৭ দাগের সমগ্র ২.৮৮ একর এবং ৫২৭ / ১০৬৩ দাগে ১৫ শতক সম্পত্তিতে সমাংশে পূর্ব মালিক ছিলেন দ্বারোন্দা গ্রাম নিবাসী লক্ষ্মীনারায়ণ বায়েন এবং রবিলাল বায়েন । উপরোক্ত শরীকগন তাঁহাদের উপরোক্ত দাগের সম্পত্তি আপোষ বিভাগবন্টনে নির্দ্দিষ্ট চিহ্নমতে নিজ নিজ অংশ পৃথক পৃথক ভাবে ভোগদখলীকার থাকাকালীন লক্ষ্মীনারায়ণ বায়েন তাঁহার জীবিত মানে তপশীল লিখিত দাগ সকলের মধ্যে কিছু কিছু সম্পত্তি বিভিন্ন সময় বিভিন্ন কোবালা দলিল মূলে ভিন্ন ভিন্ন লোককে বিক্রয় করিয়া দেওয়ার পর অবশিষ্ট ভূমিতে স্বত্ববান ও ভোগদখলীকার থাকাকালীন পরলোকগমন করিলে তাঁহার দুই পুত্র যথা সন্ন্যাসী বায়েন এবং বাবুলাল বায়েন (অত্র দলিলের বিক্রেতা ) একত্রে হিন্দু উত্তরাধিকার আইনের বিধান অনুসারে তাঁহাদের পিতার ত্যক্ত যাবতীয় সম্পত্তি মায় তপশীল লিখিত দাগ সকলের সম্পত্তিতে ভোগদখলীকার থাকিয়া -

Hiland Projects Limited
Authorised Signatory

তাহাতে স্বত্ববান ও দখলীকার থাকাকালীন অত্র দলিলের বিক্রেতা আমি শ্রী বাবুলাল বায়েন তপশীল লিখিত দাগে সকল মধ্যে আমার নিজ অংশ হইতে বিভিন্ন সময় বিভিন্ন কোবালা দলিল মূলে ভিন্ন ভিন্ন লোককে বিক্রয় করিয়া দিয়াছি । উক্তরূপ বিক্রয় করিবার পর তপশীল লিখিত দাগসকলের মধ্যে অর্থাৎ ৩৬৭ দাগমধ্যে ২ $\frac{১}{২}$ শতক এবং ৫২৭/১০৬৩ দাগের মধ্যে কমবেশী $\frac{১}{৪}$ শতক পরিমিত সম্পত্তি অবশিষ্ট রহিয়াছে । উক্ত প্রকার সম্পত্তির পরিমান খুবই অল্প বিধায় উহা বিক্রয় করিবার সোহরৎ দিলে অত্র দলিলের ক্রেতাগন আপনারা উহা একযোগে সর্ব্বোচ্চ ২৭৫০ , দুইহাজার সাতশত পঞ্চাশ টাকা মূল্যে খরিদ করিতে চাহিলেন । এবং অত্র দলিলের বিক্রেতা আমিও উক্ত মূল্য বর্তমান বাজার যাচাইমতে ন্যায্য ও সময়োচিত হইয়াছে জানিয়া ও বুঝিয়া উপরোক্ত পনমূল্য নীচের তপশীলে লিখিত ও বিশদভাবে বর্নিত ভূখিন্ডগুলি আপনাদিগকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও বেদখল হইলাম এবং অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তিতে আপনাদিগকে দখলে স্থাপন করিলাম ।

তপশীল লিখিত সম্পত্তি সকলে আমার এযাবৎকাল যাহা কিছু এবং যতপ্রকারের স্বত্বাধিকার ছিল তাহা অদ্যকার তারিখ হইতে সম্পূর্নরূপে বিলুপ্ত হইয়া উহা আপনাদিগকে অর্শিল ও বর্ত্তিল । আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তি সকলে নিব্যূঢ় স্বত্বে মালিক হইয়া এবং উহাতে দান, বিক্রয়, লীজ, মর্টগেজ প্রভৃতি বিবিধপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে উহা পুত্র পৌত্র মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনক্রমে যদিচ্ছা উহা চিরকাল পরমসুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমি মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন কস্মিনকালেও কোনপ্রকার ওজর আপত্তি কি কোন দাবী-দাওয়া করিতে পারিব না কি পারিবে না কি করিলেও তাহা আইনতঃ গ্রাহ্য হইবে না ।

তপশীল লিখিত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে । উহা ইতিপূর্বে কোনস্থানে কোনপ্রকার হস্তান্তর কি দায়গ্রস্থাদি করা নাই । ঐ প্রকার থাকা কি করা প্রকাশ পাইলে অথবা আমার কৃতকর্ম্মের জন্য কি স্বত্বের দোষে তপশীল লিখিত সম্পত্তি হইতে কি তাহার কোন অংশ হইতে আপনাদেরকে নৈরাশ কি বেদখল হইতে হইলে আমি মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগন আপনারা মায় ওয়ারীশান ও স্থলাভিষিক্তগনকে পনমূল্যের সমগ্র টাকা মায় আইন হারে সুদসহ এককালীন নগদে ফেরৎ দিতে ও ক্ষতিপূরণ করিতে বাধ্য রহিলাম ।

Hiland Projects Limited
Authorised Signatory

তপশীল লিখিত সম্পত্তির খাজনা বর্তমান সনতক আমার মিটানো আছে। কোনকিছু দেয় বাকী থাকিলে তাহা মিটানোর দায়িত্ব আমার থাকিল। আপনারা অদ্যকার তারিখ হইতে তপশীল লিখিত সম্পত্তির খাজনা যথারিতী ভূম্যাধিকারীর সেরেস্তায় নিজ জিম্মায় আদায় দিবেন এবং ইচ্ছা করিলে উহাতে আমার নাম খারিজ করতঃ আপনাদের নামে পৃথক জমা পত্তন করাইয়া লইবেন। তাহাতে আমার সকল প্রকার সম্মতি দেওয়া রহিল এবং ভবিষ্যতে এই বিক্রয়ের ব্যাপারে আরও কোন পৃথক সম্মতির দিবার আবশ্যক বোধ করিলে তাহাও দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থচিত্তে সরল অন্তঃকরনে অন্যের বিনা অনুরোধে স্ব-ইচ্ছায় স্ব-জ্ঞানে এত দলিলের মর্ম্ম সকল সবিশেষভাবে অবগত থাকিয়া ও পনমূল্যের সমুদয় টাকা আপনাদের নিকট হইতে বুঝিয়া পাইয়া নিম্নের স্বাক্ষরকারী সাক্ষীগন সমক্ষে আপনাদের অনুকূলে এই খোসকোবালা দলিল সম্পাদন করিয়া দিলাম।
ইতি সন - ১৪০৮ সালের ৭ ই জ্যৈষ্ঠ ইংরাজী - ২১।৫।২০০১
অনুপ - আঁচ - ইহাশবদের ঐক্য।

তপশীল :-
--------

জেলা বীরভূম থানা ইলামবাজার মৌজা কামারপাড়া জে.এল.নং - ১০১, খতিয়ান নম্বর (এল.আর.) ৩০৯/৬ তিনশত নয়/ছয়

| দাগনম্বর | শ্রেনী | বিক্রীত পরিমান |
|---|---|---|
| ৩৬৭ তিনশত সাতষট্টি | বাইদ | দাগের মোট পরিমান ২.৮৮ একর। তন্মধ্যে আমার পিতা এবং পরবর্তীকালে আমার কর্তৃক ইতিপূর্বে বিভিন্ন ব্যক্তিকে বিক্রীত ভূমি বাদে আপনাকে বিক্রীত ভূমির পরিমান ২ $\frac{১}{২}$ শতক। |
| ৫২৭ পাঁচশত সাতাশ / ১০৬৩ দশশত তেষট্টি | বাইদ | দাগের মোট পরিমান ১৭ শতক মধ্যে আমার ।. চারআনা অংশে প্রাপ্ত ভূমির পরিমান ৪ $\frac{১}{৪}$ শতক তন্মধ্যে ইতিপূর্বে বিভিন্ন লোককে ৪ শতক ভূমি বিক্রয় করা বাদে আপনাকে বিক্রীত ভূমির পরিমান $\frac{১}{৪}$ শতক যাহা বর্তমান এল.আর.রেকর্ডে ১ শতক বলিয়া উল্লেখিত হইয়াছে। |

উপরোক্ত দুইটি দাগে বিক্রীত ভূমির পরিমান - ২ $\frac{১}{২}$ + ১ = ৩ $\frac{১}{২}$ শতক।

Hiland Projects Limited
Authorised Signatory

হারহারি খাজনা বর্ত্তমানে - ১, টাকা, স্বত্ব - রায়ত স্থিতিবান।

জমিদার :- পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বীরভূম জেলা সমাহর্ত্তা।
মোকাম ও পোষ্ট - সিউড়ী, জেলা বীরভূম।

মুসাবিদা ও দলিলপ্রস্তুতকারক :-

Partha Sarathi Das

শ্রী পার্থসারথি দাস
এ্যাডভোকেট
বোলপুর কোর্ট, বীরভূম
নং:- ১৩২০/৮১

---

টাইপকারক :-

শ্রী সুরেশ্বর দে

শ্রী সুরেশ্বর দে
বোলপুর শুঁড়িপাড়া
(ধর্ম্মরাজতলা)

---

ইসাদী - -

শ্রী সুব্রত সরকার,
পিতা ৺ প্রবীন সরকার,
সাকিন - সুরুল

শ্রী সুব্রত পাল
বোলপুর - রামকৃষ্ণপল্লী -
বোলপুর - বীরভূম

সিদ্ধার্থ সরকার
পিতা - ৺ রামপদ সরকার
সাং - সুরুল

Hiland Projects Limited
Susanta Mandal
Authorised Signatory

Office of the Addl. Dist. Sub-Registrar, Bolpur

Additional Dist. Sub-Registrar,
Bolpur, Birbhum.

21 MAY 2001

Office of the Addl. Dist. Sub-Registrar, Bolpur

Additional Dist. Sub-Registrar,
Bolpur, Birbhum.

20-6-2001

Book No. I
Volume No. 41
Pages 3993 to 4002
Being No. 3527
For the year 2001

Hiland Projects Limited

Authorised Signatory